


# যুগান্তর

## রাজশাহী বিশ্ববিদ্যালয়: প্রথমবর্ষ ভর্তি পরীক্ষায় 'নেগেটিভ মার্ক' থাকছে না

প্রকাশ : ০২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাজশাহী ব্যুরো



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক সম্মান প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২০ থেকে ২২ অক্টোবর অনুষ্ঠিত হবে।

সেখানে কোনো নেগেটিভ মার্ক থাকবে না। মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয় প্রক্টর প্রফেসর ড. লুৎফর রহমান এ তথ্য নিশ্চিত করেন। প্রক্টর জানান, এবারের ভর্তি পরীক্ষায় লিখিত ও বহু নির্বাচনী পরীক্ষায় কোনো ধরনের নেগেটিভ মার্ক থাকবে না। এটি চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে।

এদিকে ভর্তি পরীক্ষায় নেগেটিভ মার্ক না থাকায় উদ্বেগ প্রকাশ করেছেন শিক্ষার্থীরা। রাবির এক শিক্ষার্থী সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে স্ট্যাটাসে লিখেছেন, রাবিতে ভর্তি পরীক্ষায় নেগেটিভ মার্ক নেই। এটা প্রথম সারির বিশ্ববিদ্যালয় হিসেবে মোটেও কাম্য নয়।

পাবনা থেকে এক ভর্তিচ্ছু শিক্ষার্থী তাওহীদ ইসলাম বলেন, নেগেটিভ মার্ক থাকলে অনেক সচেতন হয়ে উত্তর দেয়া যায়। কিন্তু এটি না থাকায় ইচ্ছামতো দাগিয়ে দেয়া হবে। ফলে প্রকৃত মেধার মূল্যায়ন হবে না। প্রসঙ্গত, এ বছরের প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা বহু নির্বাচনী প্রশ্ন (এমসিকিউ) ও লিখিত উভয় পদ্ধতিতে তিনটি ইউনিটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে ৬০ নম্বর এমসিকিউ এবং ৪০ নম্বর লিখিত যোগ করা হয়েছে। ভর্তি প্রক্রিয়া সম্পর্কিত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট

(<http://admission.ru.ac.bd>) থেকে জানা যাবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।